খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

http://khagracharipourashava.gov.bd

স্মারক নং- খাঃপৌঃকাঃ/চেঃব্রীঃপৌঃটোঃকেঃ/১৭১/২০২৬-২০২৭খ্রি./৪৮৭ তারিখ: ১৩-০৫-২০২৬খ্রি.

২০২৬-২০২৭ অর্থবছরে খাগড়াছড়ি চেঙ্গী ব্রীজ সংলগ্ন পৌর টোল কেন্দ্র এবং পৌর টাউন হল সম্মুখে কার ও মাইক্রোবাস ষ্ট্যান্ড ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা আগ্রহী ইজারা গ্রহীতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পৌরসভার নিয়ন্ত্রণাধীন খাগড়াছড়ি চেঙ্গী ব্রীজ সংলগ্ন পৌর টোল কেন্দ্র এবং পৌর টাউন হল সম্মুখে কার ও মাইক্রোবাস ষ্ট্যান্ড ইজারা ০১-জুলাই ২০২৬খ্রি. হতে ৩০-শে জুন ২০২৭খ্রি. ০১(এক) বছরের জন্য (২০২৬-২০২৭ অর্থবছর) ইজারা প্রদান করা হবে। ইজারা দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) আগামী ০১/০৬/২০২৬খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে উল্লিখিত কার্যালয় সমূহে পাওয়া যাবে। ইজারা দরপত্র আগামী ০২/০৬/২০২৬খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় সমূহের রক্ষিত দরপত্র বক্সে দাখিল করা যাবে এবং প্রাপ্ত দরপত্র সমূহ একই দিন বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ১ম বার কাঙ্খিত মূল্য না পাওয়া পর্যন্ত ২য় বার এবং পর্যায়ক্রমে ৩য় বার দরপত্র কার্যক্রম নিম্নোক্ত ছক মতে অব্যাহত থাকবে। এর জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। দরপত্র বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ক্রঃ নঃ	ইজারা খাতের বিবরণ	সরকারী সম্ভাব্য ইজারার মূল্য	সিডিউলের মূল্য	ইজারা সিডিউল বিক্রির স্থান	ইজারা সিডিউল দাখিল/খোলার স্থান ও সময়	ইজারা সিডিউল দাখিলের তারিখ
০১.	খাগড়াছড়ি চেঙ্গী ব্রীজ সংলগ্ন পৌর টোল কেন্দ্র ইজারা	৭৬,০০,০০০/-	১৫,৮০০/-	ক) খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়। খ) স্থানীয় সরকার শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,খাগড়াছড়ি। গ) পুলিশ সুপার খাগড়াছড়ি এর কার্যালয়। ঘ) উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর উপজেলা এর কার্যালয়। ঙ) সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর উপজেলা এর কার্যালয়।	খাগড়াছড়ি পৌরসভা কার্যালয় ও প্রতিবার দুপুর ৩.০০ ঘটিকা।	**১ম বার:** ০২/০৬/২০২৬খ্রি. দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত। **২য় বার:** ১০/০৬/২০২৬খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। **৩য় বার:** ১৭/০৬/২০২৬খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
০২.	পৌর টাউন হল সম্মুখে কার ও মাইক্রোবাস ষ্ট্যান্ড ইজারা	৩,০০,০০০/-	১২০০/-			

শর্তাবলী ঃ

১। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

২। ইজারা দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০০%অর্থ অগ্রিম জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রশাসক, খাগড়াছড়ি পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।

৩। ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫%(পনের) ভাগ অর্থ ভ্যাট ও ১০%(দশ) ভাগ অর্থ আয়কর অগ্রিম পে-অর্ডার আকারে ইজারা দরপত্রের সাথে জমা দিতে হবে।

৪। অকৃতকার্য দরপত্র দাতার বিডি/পে-অর্ডার ফেরতযোগ্য।

৫। দরপত্র দাখিলের সময় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

৬। দরপত্রে দরদাতার ভ্যাট ও আয়করের হালনাগাদ সনদ দাখিল করতে হবে।

৭। দরপত্র দাতা কর্তৃক দরপত্রের সহিত অযৌক্তিক কোন শর্ত আরোপ করা যাবে না।

৮। তালিকা বহির্ভূত নির্ধারিত হারের অতিরিক্ত কোন টোল আদায় করা যাবে না। এই ধরনের আদায়ের কোন তথ্য প্রমাণ পাওয়া গেলে ইজারা বাতিলের কার্যকরী ব্যবস্থা নেয়া হবে।

৯। দরপত্র সংক্রান্ত বিষয় ও শর্তাবলী নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র বিক্রির শেষ দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১০। ইজারা দরপত্র গ্রহণকারীকে ইজারা দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

১১। ইজারা দরপত্র গ্রহণকারীকে ইজারা দরপত্রের সাথে ভ্যাট এবং আয়করের হালনাগাদ সনদ দাখিল করতে হবে।

(রুমানা আক্তার)
প্রশাসক
খাগড়াছড়ি পৌরসভা

স্মারক নং- খাঃপৌঃকাঃ/চেঃব্রীঃপৌঃটোঃকেঃ/১৭১/২০২৬-২০২৭খ্রি./৪৮৭ তারিখ:১৩/০৫/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর উপজেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। জনাব.....সদস্য, পৌরসভা কর্মসম্পাদন কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।
০৮। বিভাগীয় প্রধান(সকল), খাগড়াছড়ি পৌরসভা।
০৯। হিসাব রক্ষক,অত্রাফিস। বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
১০। সভাপতি/সম্পাদক,বাজার ব্যবসায়ী সমিতি,খাগড়াছড়ি বাজার/স্বনির্ভর বাজার,খাগড়াছড়ি বাজার,খাগড়াছড়ি।
১১। জনাব/জনাবা.....প্রতিনিধি, দৈনিক দিনকাল, দৈনিক সবুজপাতার দেশ, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। আপনাকে আগামী ১৬/০৫/২০২৬খ্রি. তারিখের মধ্যে ইজারা বিজ্ঞপ্তিটি (৪ কলাম x ৭´´) আকারে একবার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পৌরসভা।
১৩। অফিস কপি।

(রুমানা আক্তার)
প্রশাসক
খাগড়াছড়ি পৌরসভা